

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
www.ccb.gov.bd

তারিখ: ১৮/১০/২০২১খ্রিঃ

প্রেস রিলিজ

১৮ অক্টোবর ২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মাননীয় চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী ও অন্যান্য কর্মকর্তা- কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন তিলওয়াত করেন জারিকারক জনাব আবু সোহাগ এবং পবিত্র গীতা পাঠ করেন জনাব কার্তিক চন্দ্র দাস।

বক্তব্যে অনুষ্ঠানের সভাপতি জনাব মোঃ মফিজুল ইসলাম শহীদ শেখ রাসেলের স্মৃতিচারণ করেন এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

এছাড়াও বক্তব্য রাখেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালাহ উদ্দিন, জনাব ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম।

কর্মকর্তা – কর্মচারীগণের মধ্যে বক্তব্য রাখেন জনাব মোহাম্মদ সাজেদুল ইসলাম (পরিচালক), জনাব শেখ রুবেল (লাইব্রেরীয়ান), জনাব মোঃ কবির হোসেন (ব্যক্তিগত সহকারী), জনাব মোঃ জাকির হোসেন (অফিস সহায়ক)।

অনুষ্ঠানের শুরুতে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন ও বিজ্ঞ সদস্যমণ্ডলী।

শহীদ শেখ রাসেলের আত্মার মাগফেরাত কামনায় কমিশনের উপপরিচালক জনাব মোঃ আতিকুল ইসলাম এর দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানটির সমাপ্তি ঘটে।

Shek Rubel
১৮/১০/২০২১
(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা